BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:
বিজিএ/কাস/২০২২/১৫৫ ২১ জুলাই, ২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: চট্টগ্রাম বন্দরে বিভিন্ন আমদানীকারক কর্তৃক আনীত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো দ্রুত খালাস নেয়া সহ চেয়ারম্যান, চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত Port Security Advisory Committee এর সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো খালাস কম হচ্ছে। গত ০৪/০৭/২০২২তারিখে চেয়ারম্যান, চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত Port Security Advisory Committee এর সভার সিদ্ধান্ত মোতাবেক চট্টগ্রাম বন্দরে স্থিত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো দ্রুত ডেলিভারি নেয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সকলকে অনুরোধ জানিয়েছেন। তাছাড়াও কোভিড-১৯ সংক্রান্ত সমস্ত নিয়মাবলী প্রতিপালন করে চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডে স্থিত বিপদজনক পণ্যবাহিত (DG) এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেয়ার জন্য তাঁরা অনুরোধ করেছেন।

এ সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র স্মারক নং- টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০-২১/২০০৮ তারিখ- ১৬/০৭/২০২২ইং আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

চট্টগ্রাম বন্দরের নিরাপত্তার স্বার্থে এবং সুষ্ঠ অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক পরিচালনার লক্ষ্যে আমদানীকৃত (DG) পণ্যসহ এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেয়ার পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২০/৭/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

